

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প
১৬, আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ব্লক-২, ৩য় তলা, ঢাকা-১০০০।

স্মারক নং-মাউশি/স.মা.বি.উ.প্র/কর্মচারী নি./১৫/২০১৮ (অংশ-১)/২০২৪/৩৩৭৬

তারিখ: ০৬/০১/২০২৫ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরকারি বিধিমোতাবেক ৩নং কলামে বর্ণিত সাক্ষ্য বেতনে নিয়োগ/প্যানেল তৈরির লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	সাক্ষ্য বেতন	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১	হিসাবরক্ষক (গ্রেড-১২)	১৯,৭৮০/-	০১	৩২ বছর	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞানে ন্যূনতম স্নাতক/সমমানের ডিগ্রীধারী হতে হবে এবং স্নাতক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণিতে উত্তীর্ণ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ প্রাপ্ত হতে হবে। (খ) কোনো সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে হিসাবরক্ষক হিসেবে কাজ করার ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
০২	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬)	১৭,০৪৫/-	০১	৩২ বছর	(ক) কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম এইচএসসি/সমমানের ডিগ্রীধারী হতে হবে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ প্রাপ্ত হতে হবে। (খ) কোনো সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর হিসেবে কাজ করার ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

- আবেদনকারীকে www.dshe.gov.bd ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। ওয়েবসাইটে আবেদন ফরম ও নিয়োগের শর্তাদি পাওয়া যাবে।
- আবেদনপত্রের সাথে শুধুমাত্র সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স আবেদনপত্র দাখিলের শেষ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে।
- আবেদনপত্রের সাথে “সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প” এর নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১নং পদের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) এবং ২নং পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/চালান কপি সংযুক্ত করতে হবে।
- আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০/০১/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ব্লক নং ৩০২, ৩য় তলা, শিক্ষা ভবন (২য় ব্লক), ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় ডাক/কুরিয়ারযোগে পৌছাতে হবে। নির্দিষ্ট সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।



০৬/০১/২০২৫
(প্রফেসর এ, এস, এম, এমদাদুল কবীর)
প্রকল্প পরিচালক
ফোন: ০২৪১০৫০১৬১